

বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় .
মধ্যমাত্রার আবহাওয়া পূর্বাভাস ও কৃষি পরামর্শ
(Agromet Advisory Services, IMD, MoES)

ডাইরেক্টরেট অফ রিসার্চ
বি.চ.কৃ.বি, কল্যাণী.



E-mail : aaskalyani@gmail.com
bhowmickmahasweta2012@gmail.com

From Kalyani (Nadia, WB)

বর্ধমান জেলার আবহাওয়ার পূর্বাভাস

পূর্বাভাস সময়কাল: ১৬ই জুন হইতে ২০ই জুন , ২০১৮

আগামী পাঁচ দিনের জন্য আবহাওয়ার পূর্বা ভাস

- ১৯ই জুন ব্যতীত আগামী দিনগুলিতে বৃষ্টিপাতের সম্ভাবনা নেই এবং মোট বৃষ্টিপাতের পরিমাণ ৪মিমি।
- আগামী দিনগুলিতে আংশিক থেকে মূলত মেঘলা আকাশ থাকবে।
- বাতাস প্রধানত দক্ষিণ-পশ্চিম , দক্ষিণ-পূর্ব ও দক্ষিণ দিক থেকে ৩-১৬ কিমি প্রতি ঘন্টা বেগে বইতে পারে।
- আপেক্ষিক আর্দ্রতা সর্বোচ্চ ৪১% থেকে ৫৮% এবং সর্বনিম্ন ১৫% থেকে ২৫% -এর কাছাকাছি থাকার সম্ভাবনা আছে।
- তাপমাত্রা সর্বোচ্চ ৩৮° -৩৯° সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭° - ২৮° সেলসিয়াসের কাছাকাছি থাকার সম্ভাবনা আছে।

কৃষি-আবহাওয়াবিদের পরামর্শ

- অড়হর ডাল : বীজ বপন শুরু করুন। ভালো জাতগুলি হল শ্বেতা, চূর্ণী , প্রভাত। ম্যানকোজেব, ক্যাপটান, বা থাইরাম দিয়ে বীজ শোধন করুন। বীজ শোধনের এক সপ্তাহ আগে বীজের সাথে রাইবজিয়াম কালচার মেশালে ভালো হয়। বিঘা প্রতি জমিতে ৯.৫ কেজি ইউরিয়া, ৫০ কেজি এস.এস. পি. এবং ১৩.৫ কেজি মি.অ.প. লাগবে। কোনো চাপান সার লাগবে না।
- আমন: প্রাক বর্ষার বৃষ্টির সাহায্যে বীজ তলা প্রস্তুতি ও বীজ বপন শুরু করুন। যারা নিচু জমিতে আমন করেন তারা স্বর্ণমাসুরি করতে পারেন। যারা মাঝারি বা উঁচু জমিতে আমন করেন তারা স্বল্পমেয়াদী জাত বিধান ১, এম. টি. উ. ১০১০, পিডি ১২ করতে পারেন।
- আম ও লিচু : ফল ঝরে যাওয়া প্রতিরোধ করতে ন্যাপথক্সি -অ্যাসিডিক-অ্যাসিড ৫ মিলি প্রতি ১০ লিটার জলে গুলে প্রয়োগ করুন।
- ভেঙী : জসিডের আক্রমণ প্রতিরোধ করার জন্য থাইওমিথোক্সাম ০.৩ এস.জি. ৩ মিলি প্রতি লিটার জলে গুলে প্রয়োগ করুন।
- পাট : পাটের কাণ্ডের গোড়াপচা রোগ প্রতিরোধ করার জন্য কারবেনডাজিম ৫০ ১ গ্রাম প্রতি লিটার জলে গুলে প্রয়োগ করুন।

